



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

২৯ আগস্ট, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

পাবনায় সরকারি এডওয়ার্ড কলেজের ছাত্রী মুক্তি খাতুনকে গায়ে আগুন দিয়ে হত্যা করার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর তীব্র নিন্দা এবং দোষী ব্যক্তির যথাযথ বিচার ও শাস্তি দাবী

গত ১৮ আগস্ট ২০১৮ তারিখ বৃহস্পতিবার পাবনার সাঁথিয়া উপজেলার নাগডেমরা গ্রামের একটি উন্মুক্ত জলাশয়ের দখলকে কেন্দ্র করে আবদুস সালাম ও তাঁর লোকজন একই গ্রামের মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের মেয়ে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজের দর্শন বিষয়ের স্নাতক (সম্মান) দ্বিতীয় বর্ষের ছাত্রী মুক্তি খাতুনকে গায়ে আগুন দিয়ে হত্যা করার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে এবং দোষী ব্যক্তির যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে।

সাম্প্রতিক সময়ে বিভিন্ন পত্র পত্রিকা, প্রচার মাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, মুক্তির বাবার সঙ্গে একই গ্রামের আবদুস সালাম ও তাঁর লোকজনের দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। ২ আগস্ট তারা মুক্তিদের বাড়িতে আক্রমণ করে। এরপর থেকে মুক্তিদের বাড়ির লোকজন এলাকাছাড়া হয়। পরবর্তীতে পুলিশ ও স্থানীয় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানের হস্তক্ষেপে মোজাম্মেল হক পরিবারের লোকজন নিয়ে বাড়ি ফেরেন। গত ১৮ আগস্ট সকাল ১০টার দিকে আবদুস সালামের নেতৃত্বে ৩০ থেকে ৪০ জনের একটি সশস্ত্র দল দ্বিতীয়বার মোজাম্মেল হকের বাড়িতে হামলা করে। এ সময় বাড়িতে কোনো পুরুষ সদস্য ছিল না। প্রতিপক্ষের লোকজন মুক্তিকে উঠানে ধরে এনে গায়ে পেট্রল ঢেলে আগুন ধরিয়ে দেয়। এতে তিনি মারাত্মক দক্ষ হন ও ছাত্রীটির শরীরের ৬৫ শতাংশ পুড়ে যায়। পরে এলাকার লোকজন ও স্বজনেরা তাঁকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে তাঁর অবস্থার অবনতি হলে পরদিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়। এ বিষয়ে একটি মামলা দায়ের করা হয়। অবশেষে মৃত্যুর সঙ্গে ১০ দিন পাঞ্জা লড়ে গতকাল সোমবার ২৮ শে আগস্ট ২০১৮ তারিখ রাত সাড়ে ১২টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে মুক্তি মারা যান।

এভাবে কোনো নারীকে গায়ে আগুন দিয়ে গুরুতর জখম ও হত্যা সাংবিধানিক অধিকারের লংঘন এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। এই ধরনের নির্যাতন ও হত্যার ঘটনা কোন নাগরিকের বাংলাদেশের সংবিধানে বর্ণিত ৩১, ৩২ ও ৩৫ (৫) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। যা দন্ডবিধি বা পেনাল কোড ১৮৬০; নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০(সংশোধনী ২০০৩) অনুযায়ী তা বিচারযোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ। ব্লাস্ট এসব ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তির বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে। এ বিষয়ে যে কোন সহযোগিতার জন্য পাবনা ব্লাস্ট অফিসে (এডভোকেট মোঃ আলমগীর হোসেন, সমন্বয়কারী, পাবনা ইউনিট, ব্লাস্ট, বার এসোসিয়েশন ভবন, ওয় তলা, পাবনা ফোন: ০১৭১৮-২৬০৯৫৫) যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল- mahbuba@blast.org.bd